

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৭, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

নবনিয়োগ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২০ বৈশাখ ১৪২৫ বঃ/০৩ মে ২০১৮ খ্রিঃ

নং ০৫.০০.০০০০.১৪৭.০০.০০১.১৭-১০১—বিসিএস পরীক্ষায় উত্তীর্ণদের মধ্য থেকে বিভিন্ন নন-ক্যাডার পদে (১২তম-৯ম গ্রেড) কর্মচারী নিয়োগের ক্ষেত্রে একটি সুনির্দিষ্ট প্রস্তাবনা/সুপারিশমালা প্রণয়নের লক্ষ্যে নিম্নবূপভাবে কমিটি গঠন করা হলো:—

(ক) কমিটি গঠন:

১। অতিরিক্ত সচিব (বিধি), জনপ্রশাসন মন্ত্রণালয়;	আহবায়ক
২। যুগ্মসচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়;	সদস্য
৩। যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;	সদস্য
৪। যুগ্মসচিব, অর্থ বিভাগ;	সদস্য
৫। যুগ্মসচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	সদস্য
৬। বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের একজন প্রতিনিধি (যুগ্মসচিব/সমপর্যায়ের)	সদস্য
৭। উপসচিব (বিধি-৫), জনপ্রশাসন মন্ত্রণালয়;	সদস্য সচিব

(৬৮৩১)

মূল্য : টাকা ৪.০০

খ। কার্যপরিধি:

১. কমিটি বিসিএস পরীক্ষায় উত্তীর্ণদের মধ্য থেকে বিভিন্ন নন ক্যাডার ১ম শ্রেণি ও ২য় শ্রেণির গেজেটেড বা ২য় শ্রেণির পদে কর্মকর্তা নির্বাচনের ক্ষেত্রে মেধাতালিকা, চাকরির মর্যাদা ও বেতন স্কেলের বিষয়টি যৌক্তিকভাবে বিবেচনা করে একটি সুনির্দিষ্ট প্রস্তাবনা প্রস্তুত করবে।
২. এ বিষয়ে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ের মতামত সংগ্রহ করে প্রাপ্ত মতামত এবং গত ২৭-০৩-২০১৮ তারিখে এ বিষয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় প্রাপ্ত মতামতসমূহ প্রচলিত বিধি-বিধানের আলোকে পরীক্ষা নিরীক্ষাপূর্বক সুপারিশ প্রদান করবে।
৩. প্রয়োজনবোধে এ কমিটি নূতন সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করতে পারবে।

গ. কমিটি এক মাসের মধ্যে সুপারিশমালা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আফসারী খানম

উপসচিব।